দৈনিক বাংলা

134

তারিখ ...2 0 JUN 1986... ...
পৃষ্ঠা... ... ... 1 কলাম 6... ...



উচ্চ মাধ্যমিক পরীক্ষার প্রথম দিনে বৃহস্পতিবার রাজধানীর একটি পরীক্ষা কেন্দ্র। —দৈনিক বাংলা

# এইচএসসি পরীক্ষা শুরু : বহিষ্কার ৬৮ বরিশালে ফাঁকা গুলি

(স্টাফ রিপোর্টার)

গতকাল সারাদেশে শান্তিপূর্ণ ভাবে এইচএসসি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। প্রথম দিনে বাংলা পরীক্ষায় অসদুপায় অবলম্বনের জন্যে বিভিন্ন স্থানে বহিষ্কৃত হয়েছে ৬৮ জন পরীক্ষার্থী।

বাসস জানায় : বরিশাল থেকে পাঁচ মাইল দূরে বাখরগঞ্জ কলেজ কেন্দ্রে উচ্ছৃংখল জনতাকে ছত্রভঙ্গ করতে বৃহস্পতিবার বিকালে পুলিশ ফাঁকা গুলি বর্ষণ করে।

বিকাল সাড়ে ৩টার দিকে কেন্দ্রের কাছ থেকে পুলিশ ছয়জন বহিরাগতকে গ্রেফতার করলে গোলযোগের সূত্রপাত হয়। উচ্ছৃংখল জনতা আটক ব্যক্তিদের পুলিশের হেফাজত থেকে ছিনিয়ে নেয়ার চেষ্টা করলে পুলিশ ১২ রাউন্ড ফাঁকা গুলি চালায়।

বরিশালের এসপি জানান : এই ঘটনায় ওসিসহ ছয়জন পুলিশ আহত হয়েছে।

বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির স্থানীয় শাখা এ ঘটনার তদন্ত দাবী করেছে।

বরিশালের অন্য কোন কেন্দ্রে কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি।

আমাদের রিপোর্টার জানাচেছন : শিক্ষা ও স্বাস্থ্য মন্ত্রী, প্রফেসর এম এ মতিন গতকাল রাজধানীর তিতুমীর কলেজ, সিটি কলেজ ও ইডেন গার্লস কলেজ কেন্দ্র পরিদর্শন করেন। শিক্ষা উপমন্ত্রী জনাব জিয়াউদ্দিন আহমেদ বাবলু ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান তার সঙ্গে ছিলেন। শিক্ষা মন্ত্রী দেখতে পান যে শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হচেছ।

দেশের কয়েকটি স্থান থেকে বহিষ্কার ও গোলযোগের খবর পাওয়া গেছে। ব্রাহ্মণবাড়িয়া থেকে দৈনিক বাংলার নিজস্ব সংবাদদাতা জানান : নকল করার দায়ে বহিষ্কৃত তিনজন ছাত্রের হাতে ব্রাহ্মণবাড়িয়া সরকারী কলেজের একজন শিক্ষক প্রহৃত হন। তাঁকে

(৩-এর পৃঃ দ্রঃ)

দৈনিক বাংলা

তারিখ 2 0 JUN 1986 ... ...
পৃষ্ঠা... ... ... 1 কলাম 6 ... ...

## এইচএসসি পরীক্ষা

(১ম পৃঃ পর)

প্রাথমিক চিকিৎসা দেয়া হয়। লাঞ্ছিত শিক্ষক জনাব হাফিজ উদ্দিন সমাজকল্যাণের সহকারী অধ্যাপক।

এ ঘটনার প্রতিবাদে কলেজের অধ্যক্ষের সভাপতিত্বে এক প্রতিবাদ সভায় সিদ্ধান্ত নেয়া হয় যে প্রশাসন যথোপযুক্ত ব্যবস্থা না নিলে তারা পরবর্তী পরীক্ষাসমূহে পরিদর্শকের দায়িত্ব পালন করা থেকে বিরত থাকবেন।

চট্টগ্রাম থেকে আমাদের স্টাফ রিপোর্টারের খবর : রাউজানের নোয়াপাড়া কলেজ কেন্দ্রে অসদুপায় অবলম্বনের জন্যে তিনজন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

সাতকানিয়া কলেজে নকল করার সুবিধা গ্রহণকে কেন্দ্র করে দুটি কলেজের মধ্যে এক অপ্রীতিকর ঘটনায় ১২ জন আহত হয়। পুলিশ দুই ব্যক্তিকে গ্রেফতার করেছে।

নকল করা নিয়ে ছাত্রদের নিজেদের মধ্যে বাক-বিতন্ডা, হামলা ও পাল্টা হামলার ঘটনা ঘটে। এতে বহিরাগতরাও অংশ নেয়। কয়েক জন পরীক্ষার্থীর খাতাপত্রও ছিনিয়ে নেয়া হয়।

পটুয়াখালী থেকে নিজস্ব সংবাদদাতা জানান : এইচএসসি পরীক্ষার প্রথম দিনে শহরের দুটি কেন্দ্র থেকে ২০ জন ছাত্রকে বহিষ্কার করা হয়।

রাজধানী ঢাকায় বহিষ্কৃত পরীক্ষার্থীর সংখ্যা চার। ঢাকা শিক্ষা বোর্ডের কন্ট্রোলার জনাব দলিল উদ্দিন মন্ডল জানান : তিতুমীর কলেজ থেকে দুজন, তেজগাঁও কলেজ থেকে একজন এবং বাংলা কলেজ থেকে একজন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। দৈনিক বাংলার মানিকগঞ্জ সংবাদদাতা ধামরাই কলেজ কেন্দ্র থেকে দুজন পরীক্ষার্থীকে বহিষ্কারের খবর জানিয়েছেন।

টাঙ্গাইলে তিনটি কেন্দ্র থেকে আটজন, চাঁপাইনবাবগঞ্জের দুটি কেন্দ্রে আটজন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। দৈনিক বাংলার নিজস্ব সংবাদদাতারা এ কথা জানান।

বাসসের খবর : খুলনার দৌলতপুর কলেজ থেকে চারজন ও বঙ্গবন্ধু কলেজ থেকে তিনজনকে বহিষ্কার করা হয়েছে।

**বগুড়ায় ১৩ জন বহিষ্কার**

বগুড়া থেকে দৈনিক বাংলার প্রতিনিধি জানান, এইচএসসি পরীক্ষার প্রথম দিনে বগুড়া জেলার ১৭টি পরীক্ষা কেন্দ্রে শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়, তবে অসদুপায় অবলম্বনের অভিযোগে শান্তাহার কলেজ কেন্দ্র থেকে ১২ জন ও সরকারী আজিজুল হক কলেজ কেন্দ্র থেকে একজন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।